



বিজ্ঞপ্তি

এতদ্বারা 4th Semester Examination, 2024 -এর নিরিখে প্রাক স্নাতক পাঠ পৰ্বদের সমর্থনে অভ্যন্তরীণ মূল্যায়নের ক্ষেত্রে SEC-II : Subject Code -BNGSSECO2M এর (Bengali Hons/ Pass) ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে ,আগামী ৭.৫.২০২৪ তারিখে সকাল ১১ টা থেকে ১২ টার মধ্যে ২০ নম্বরের একটি হোম অ্যাসাইনমেন্ট (প্রজেক্ট আকারে) জমা নেওয়া হবে। এক্ষেত্রে দুটি বিষয় নোটিশটিতে ট্যাগ করে দেওয়া থাকছে ,অবশ্যই একটি কভার পেজ করে বিষয়ের নাম , নিজের নাম ,রোল নং , রেজিস্ট্রেশন নাম্বার ও চালু রয়েছে এমন একটি ফোন নাম্বার সহ লিখে জমা দেবে। এবং অবশ্যই রেজিস্ট্রেশন কপির একটি জেরক্স এর সঙ্গে ট্যাগ করে দেবে। এই হোম অ্যাসাইনমেন্টের বিষয়টি তোমাদের পাঠ্য " মূদ্রণ শিল্প ও প্রকাশনা " থেকে লিপিবদ্ধ করা হলো। যা তোমরা বিষয়টি সুন্দর করে এ - ফোর পেজে লিখে নিয়ে আসবে।

১) মূল পান্ডুলিপি :

কি এক ইশারা যেন মনে রেখে একা-একা শহরের পথ থেকে পথে অনেক হেঁটেছি আমি; অনেক দেখেছি আমি ট্রাম-বাস সব ঠিক চলে; তারপর পথ ছেড়ে শান্ত হ'য়ে চ'লে যায় তাহাদের ঘুমের জগতে: সারারাত গ্যাস লাইট আপনার কাজ বুঝে ভালো করে জ্বলে। কেউ ভুল করোনাকো - ইট বাড়ি সাইনবোর্ড জানালা কপাট ছাদ সব চুপ হ'য়ে ঘুমাবার প্রয়োজন বোধ করে আকাশের তলে। একা-একা পথ হেঁটে এদের গভীর শান্তি হৃদয়ে করেছি অনুভব; তখন অনেক রাত-তখন অনেক তারা মনুমেন্ট মিনারের মাথা নির্জনে ঘিরেছে এসে; মনে হয় কোনোদিন এর চেয়ে সহজ সম্ভব আর কিছু দেখেছি কি: একরাশ তারা-আর-মনুমেন্ট-ভরা কলকাতা? চোখ নিচে নেমে যায়-চুরকট নীরবে জ্বলে-বাতাসে অনেক ধুলো খড়; চোখ বুজে একপাশে সরে যাই-গাছ থেকে অনেক বাদামি জীর্ণ পাতা উড়ে গেছে; বেবিলনে একা-একা এমনই হেঁটেছি আমি রাতের ভিতর কেন যেন; আজও আমি জানিনাকো হাজার হাজার ব্যস্ত বছরের পর।

শ্রদ্ধ সংশোধন : যা মূল পান্ডুলিপিটি দেখে সাংকেতিক চিহ্ন ব্যবহার করে এ-ফোর পেজে লিখতে হবে।

কি এক ইশারা যেন মনে রেখে একা-একা শহরের পথ থেকে পথে অনেক হেঁটেছি আমি; অক দেখেছি আমি ট্রাম-বাস সব ঠিক চলে; তারপর পদ ছেড়ে শান্ত হয়ে চলে যায় তাহাদের ঘুমের জগতে: সারারাত গ্যাস লাইট আপনার কাজ বুঝে ভালো করে জ্বলে। কেউ ভুল করে নাকো ইট বাড়ি সাইনবোর্ড জানালা কপাট ছাদ সব চুপ হয়ে ঘুমাবার প্রয়োজন বোধ করে আকাশের তলে। একা-একা হেঁটে এদের গভীর শান্তি হৃদয়ে করেছি অনুভব; তখন অনেক রাত-তখন অনেক তারা মনুমেন্ট মিনারের মাথা নির্জনে ঘিরেছে এসে; মন হয় কোনোদিন এর চেয়ে সহজ সম্ভব আর কিছু দেখেছি কি: একরাশ তারা আর- মনুমেন্ট- ভরা কলকাতা? চোখ নিচে নেমে যায়-চুরকট নীরবে জ্বলে-বাতাসে অনেক ধূ খড়; চোখ বুজে একপাশে সরে যাই-গা থেকে অনেক বাদামি জীর্ণ পাতা উড়ে গেছে; বেবিলনে একা-একা এমনই হেঁটেছি আমি রাতের ভিতর কেন যেন; আজও আমি জানি নাকো হাজার হাজার ব্যস্ত বছরের পর।

২) কম্পিউটারে বাংলা লিখন : (বাংলা যেকোনো সফটওয়্যারে এ-ফোর সাইজের পেজে ফন্ট ১৪ - এ বাংলা টাইপ করে আনতে হবে)

একদা সুন্দরবন-মধ্যে ব্যাঘ্রদিগের মহাসভা সমবেত হইয়াছিল। নিবিড় বনমধ্যে প্রশস্ত ভূমিখণ্ডে ভীমাকৃতি বহুতর ব্যাঘ্র লাঙ্গুলে ভর করিয়া, দংশিতপ্রভায় অরণ্যপ্রদেশ আলোকময় করিয়া, সারি সারি উপবেশন করিয়াছিল। সকলে একমত হইয়া অমিতোদর নামে এক অতি প্রাচীন ব্যাঘ্রকে সভাপতি করিলেন। অমিতোদর মহাশয় লাঙ্গুলাসন গ্রহণপূর্বক সভার কার্য আরম্ভ করিলেন। তিনি সভ্যদিগকে সম্বোধন করিয়া কহিলেন:- "অদ্য আমাদের কি শুভ দিন! অদ্য আমরা যত অরণ্যবাসী মাংসাভিলাষী ব্যাঘ্রকুলতিলক সকল পরস্পরের মঙ্গল সাধনার্থ এই অরণ্যমধ্যে একত্রিত হইয়াছি। আহা! কুৎসাকারী, খলস্বভাব অন্যান্য পশুবর্গে রটনা করিয়া থাকে যে, আমরা বড় অসামাজিক, একা এক বনেই বাস করিতে ভালবাসি, আমাদের মধ্যে ঐক্য নাই। কিন্তু অদ্য আমরা সমস্ত সুসভ্য ব্যাঘ্রমণ্ডলী একত্রিত হইয়া সেই অমূলক নিন্দাবাদের নিরাস করিতে প্রবৃত্ত হইয়াছি। এক্ষণে সভ্যতার যেরূপ দিন দিন প্রীভূক্তি হইতেছে, তাহাতে আমার সম্পূর্ণ আশা আছে যে, শীঘ্রই ব্যাঘ্রেরা সভ্যজাতির অগ্রগণ্য হইয়া উঠিবে। এক্ষণে বিধাতার নিকট প্রার্থনা করি যে, আপনারা দিন দিন এইরূপ জাতিহিতৈষিতা প্রকাশপূর্বক পরম সুখে নানাবিধ পশুহনন করিতে থাকুন "

বিশেষ দৃষ্টব্য: উল্লিখিত ঐ নির্দিষ্ট দিনটিতেই সকল ছাত্রছাত্রীর হোম অ্যাসাইনমেন্ট / প্রজেক্ট জমা নেওয়া হবে। দ্বিতীয় কোনোদিন এই বিষয়ের জন্য ধার্য থাকছে না, তাই আগাম নোটিশ করে জানিয়ে দেওয়া হলো। এরপরও যদি কোন ছাত্র-ছাত্রী হোম অ্যাসাইনমেন্ট দিতে বিলম্ব করে, তবে গার্জনে সহ (দিনস্বপন নোটিশ করে জানিয়ে দেওয়া হবে) কলেজে এসে ডিপার্টমেন্টের টিচারদের সঙ্গে দেখা করবে। এমতাবস্থায় ডিপার্টমেন্টের সকল টিচারদের সম্মতিক্রমে যদি ব্যবস্থা গ্রহণ করা হয়, সেটাই মেনে নিতে হবে।

বাংলা বিভাগ, বিবেকানন্দ কলেজ।

Aminish Golder
27/04/24

Rimi Roy

DR. RIMI ROY 27/04/2024
Vice Principal
VIVEKANANDA COLLEGE
MADHYAMGRAM, NORTH 24 PARGANAS
KOLKATA-700129